


HISTORY, HERITAGE AND RELIGION: PROBLEMS AND PERSPECTIVES

Jaydeb Sarkhel
Anirban Banerjee



Published by :

Biplab Bhowal

for **Book Syndicate (P) Ltd.**

35 College Street, Kolkata 700 073

☎ 2257 0754/55

✉ booksyndicate.35@gmail.com

© Copyright reserved by Bharata Vidya Charcha Kendra and
publication right reserved by Book Syndicate (P) Ltd.

First Published : **February, 2020**

Price : Rupees five hundred fifty only

₹ 550

ISBN 978-93-87706-43-9

Printed by :

Kalyan Bhaumik

for **Mudran Bharati**

26 M. B. Road

Kolkata 700 049

10. Dr. Suddhasattwa Banerjee

Social Distinctions and Rise of Trends like 'Angy Young Man' and 'Dalit Panther' : A Study in Social History through Films and Plays

144-159

11. Rakhi Chowdhury

Should Article 370 Be Removed from the Indian Constitution or Amended ?

160-165

12. Sudeshna Bandyopadhyay

The Concept of 'Streedhana' under the Hindu Law : A Review

166-169

13. Dr. Surajit Rauth

Brick Temples of Purba Bardhaman : A Study on Structure, Type, and Motifs of Ornamentation

170-189

14. Gourav Lama

The Challenge to India's Heritage from Past to Present

190-196

15. ডমরুপানি ভট্টাচার্য

সাহিত্যে জনপদ : একটি ঐতিহাসিক প্রেক্ষিত

197-201

16. বিধান চন্দ্র রায়

রাজনীতিতে জাতি

202-204

17. উদয় সাউ

বৈদিক যুগে পরিবেশ চিন্তা

205-213

—

রাজনীতিতে জাতি

বিধান চন্দ্র রায়

বর্তমান স্বাধীন ভারতে গণতান্ত্রিক শাসনব্যবস্থার পরিপ্রেক্ষিতে জাতিভেদ প্রথার সামাজিক শক্তি গুরুত্ব হারিয়েছে। এই বিষয়ে বিতর্কের অবকাশ নেই। আর্থ-সামাজিক ক্ষেত্রে জাতিভেদ প্রথা বিশেষভাবে হীনবল হয়ে পড়েছে। এই প্রথার অস্তিত্ব ক্রমশ অস্তূহিত হওয়ার পথে, একথা সাধারণভাবে সত্য। কিন্তু বর্তমান ভারতের রাজনৈতিক রঙ্গক্ষেত্রে জাতিভেদ প্রথা নবরূপে নতুন ভূমিকায় অবতীর্ণ।

জাতিভেদ প্রথা স্বাধীন ভারতের রাজনৈতিক অঙ্গনে ধীরে ধীরে আবির্ভূত হয়েছে। বর্তমানে এই প্রথার রাজনৈতিক ভূমিকা বিশেষভাবে কার্যকরী ও গুরুত্বপূর্ণ প্রতিপন্ন হয়। সাম্প্রতিককালের রাজনীতিতে একটি বহু আলোচিত বিষয় হল জাতিবিন্যাসের ভূমিকা। জাতিভেদ প্রথার কার্যকরী ও সক্রিয় রাজনৈতিক ভূমিকা বিশেষভাবে পরিলক্ষিত হয় প্রধানত নির্বাচনকে কেন্দ্র করে। কোনো একটি নির্বাচনী এলাকার মোট ভোটদাতাদের অধিকাংশই যদি বিশেষ একটি জাতির মানুষ হন, তা হলে সংশ্লিষ্ট নির্বাচনী ফলাফল অনেকাংশে নির্ভর করে সেই জাতির মানুষের সিদ্ধান্তের উপর। এরকম অবস্থায় সকল রকম রাজনৈতিক কার্যকলাপকে প্রভাবিত করে জাতিভেদ প্রথা। প্রতিদ্বন্দ্বী রাজনৈতিক দলগুলি নির্বাচনী এলাকার প্রার্থী বাছাই, নির্বাচনী প্রচার প্রভৃতি বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে যে সমস্ত বিষয় বিচার বিবেচনা করেন তার মধ্যে বিশেষভাবে গুরুত্বপূর্ণ হল ‘কোন অঞ্চলে কোন জাতির মানুষ সংখ্যাগরিষ্ঠ এবং এ ব্যাপারে ভারতের সকল রাজনৈতিক দলের আচার আচরণ অল্পবিস্তর অভিন্ন।’

নির্বাচনী রাজনীতিতে রাজনীতিবিদরা জাতিকে একটি হাতিয়ার হিসাবে ব্যবহার করে থাকেন। নির্বাচনী সাফল্যের স্বার্থে এই হাতিয়ারটি অত্যন্ত কার্যকরী ও সুবিধাজনক। নির্বাচনী প্রচারের প্রাক্কালে জাতিগত বিচার-বিবেচনা ও আনুগত্যকে সহজেই কাজে লাগানো যায়। তার জন্য খুব বেশি সময় বা অর্থ ব্যয় করতে হয় না। অথচ নির্বাচনী সাফল্যকে সুনিশ্চিত করার ক্ষেত্রে জাতিগত প্রচারের অবদান অনস্বীকার্য। এই কারণে সকল রাজনৈতিক দল প্রতিটি নির্বাচন কেন্দ্রে প্রাধান্যকারী জাতির ভিতর থেকে দলীয় প্রার্থী বাছাই করে থাকে। প্রার্থী বাছাই এবং নির্বাচনী ফলাফলের পরিপ্রেক্ষিতে জাতি হল একটি গুরুত্বপূর্ণ বিষয়। এই দিক থেকে বিচার করলে জাতি একটি সামাজিক বা অর্থনৈতিক গোষ্ঠী অপেক্ষা একটি রাজনৈতিক গোষ্ঠী হিসাবে অধিকতর প্রতিপন্ন হয়।^২ জাতি রাজনীতি মিথস্ক্রিয়ার ক্ষেত্রে জাতির রাজনীতিকরণের ধারণা অধিকতর তাৎপর্যপূর্ণ প্রতিপন্ন হয়। সাম্প্রতিককালের গণতান্ত্রিক সমাজব্যবস্থায়